# জান্নাত পর্ব -১

## আসসালামুয়ালাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বা রাকাতুহু

## বিসমিল্লাহির রাহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে "জান্নাত"। জান্নাত অর্থ হচ্ছে বাগান আর  উদ্যান সমূহ।

### পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আল বাকারাহ্

১) শুভ সংবাদ দাও তাদেরকে , যারা ঈমান আনবে এবং  আ'মলে সালেহ করবে তাদের জন্যে রয়েছে জান্নাত।

সুরা ২ আল বাকারাহ্, আয়াতঃ২৫

وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ
تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ كُلَّمَا رُزِقُوْا مِنْهَا مِنْ ثَمَرَةٍ رِّزْقًا ۙ قَالُوْا هٰذَا
الَّذِىْ رُزِقْنَا مِنْ قَبْلُ ۙ وَاُتُوْا بِهٖ مُتَشَابِهًا ؕ وَلَهُمْ فِيْهَاۤ اَزْوَاجٌ
مُّطَهَّرَةٌ ۙۗ وَّهُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿۲۵﴾

আর যারা বিশ্বাস স্থাপন করেছে ও সৎকার্যাবলী সম্পাদন করে থাকে, তাদেরকে সুসংবাদ প্রদান কর যে ,তাদের জন্যে এমন বেহেশ্‌ত রয়েছে যার তলদেশ দিয়ে নদীসমূহ প্রবাহিত হতে থাকবে; যখন তা হ'তে তাদেরকে উপজীবিকার জন্যে ফলপুঞ্জ প্রদান করা হবে তখন তারা বলবে-আমাদের এটা তো পূর্বেই প্রদত্ত হয়েছিলো এবং তাদেরকে এর দ্বারা ওর সদৃশ প্রদান করা হবে এবং তাদের জন্যে তন্মধ্যে পবিত্র সহধর্মিনীগণ থাকবে এবং সেখানে তারা চিরকাল অবস্থান করবে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আল ইমরান

২)যারা তাকওয়ার পথ অবলম্বন করবে তাদের জন্যে রয়েছে জান্নাত সমূহ।

সুরা ৩ আল ইমরান, আয়াতঃ ১৫

قُلْ اَؤُنَبِّئُكُمْ بِخَيْرٍ مِّنْ ذٰلِكُمْ ۗ لِلَّذِيْنَ اتَّقَوْا عِنْدَ رَبِّهِمْ

جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَاَزْوَاجٌ مُّطَهَّرَةٌ وَّ

رِضْوَانٌ مِّنَ اللّٰهِ ۗ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِالْعِبَادِ ۝١٥

তুমি বলঃ আমি কি তোমাদেরকে এটা অপেক্ষাও উত্তম বিষয়ের সংবাদ দেবো? যারা আল্লাহ ভীরু তাদের জন্য তাদের প্রতিপালকের নিকট জান্নাত রয়েছে- যার নিম্নে নদী সমূহ প্রবাহিত, তন্মধ্যে তারা সদা অবস্থান করবে এবং সেখানে

পূতপবিত্র সহধর্মিনীগণ ও আল্লাহর সন্তুষ্টি রয়েছে এবং আল্লাহ বান্দাদের প্রতি লক্ষ্যকারী।

৩) তোমরা দৌড়ে এসো তোমাদের প্রভুর ক্ষমার দিকে  ও সেই জান্নাতের দিকে  যার প্রশস্ততা মহাকাশ ও পৃথিবীর মতো।

সুরা ৩ আল ইমরান , আয়াতঃ ১৩৩

وَ سَارِعُوْٓا اِلٰى مَغْفِرَةٍ مِّنْ رَّبِّكُمْ وَ جَنَّةٍ عَرْضُهَا السَّمٰوٰتُ وَ الْاَرْضُ ۙ اُعِدَّتْ لِلْمُتَّقِيْنَ ﴿۱۳۳﴾

তোমরা স্বীয় প্রতিপালকের ক্ষমা ও জান্নাতের দিকে ধাবিত হও, যার প্রসারতা ও বিস্তৃতি নভোমন্ডল ও ভূ-মন্ডল সদৃশ, ওটা আল্লাহভীরুদের জন্যে নির্মিত হয়েছে।

৪) এরা সেইসব লোক , যাদের পুরস্কার তাদের প্রভুর পক্ষ থেকে ক্ষমা এবং জান্নাত সমূহ।

সুরা ৩ আল ইমরান, আয়াতঃ ১৩৬

اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ مَّغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ وَ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَنِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿۱۳۶﴾

তাদের পুরস্কার হবে তাদের প্রভুর নিকট হতে মার্জনা এবং এমন উদ্যানসমূহ যেগুলোর তলদেশ দিয়ে স্রোতস্বিনী সমূহ প্রবাহিত

থাকবে, তন্মধ্যে তারা সদা অবস্থান করবে; এবং কর্মীদের (সৎকর্মশীলদের) জন্যে কি সুন্দর প্রতিদান!

৫)আমি অবশ্যই অবশ্যই তাদের থেকে মুছে দেব তাদের পাপ ও দোষ-ত্রুটি এবং অবশ্যই অবশ্যই তাদের দাখিল করবো জান্নাতে।

সুরা ৩ আল ইমরান, আয়াতঃ ১৯৫

فَاسْتَجَابَ لَهُمْ رَبُّهُمْ اَنِّىْ لَاۤ اُضِيْعُ عَمَلَ عَامِلٍ مِّنْكُمْ مِّنْ ذَكَرٍ
اَوْ اُنْثٰى ۚ بَعْضُكُمْ مِّنْۢ بَعْضٍ ۚ فَالَّذِيْنَ هَاجَرُوْا وَاُخْرِجُوْا مِنْ
دِيَارِهِمْ وَاُوْذُوْا فِىْ سَبِيْلِىْ وَقٰتَلُوْا وَقُتِلُوْا لَاُكَفِّرَنَّ عَنْهُمْ
سَيِّاٰتِهِمْ وَلَاُدْخِلَنَّهُمْ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ ثَوَابًا مِّنْ
عِنْدِ اللّٰهِ ؕ وَاللّٰهُ عِنْدَهٗ حُسْنُ الثَّوَابِ ﴿۱۹۵﴾

অনন্তর তাদের প্রতিপালক তাদের আহ্বানে সাড়া দিলেন যে, আমি তোমাদের পুরুষ অথবা নারীর মধ্য হতে কোন কর্মীর কৃতকার্য ব্যর্থ করবো না, তোমরা পরস্পর এক, অতএব যারা দেশ ত্যাগ করেছে ও স্বীয় গৃহসমূহ হতে বিতাড়িত হয়েছে ও আমার পথে নির্যাতিত হয়েছে এবং সংগ্রাম করেছে ও নিহত হয়েছে, নিশ্চয়ই তাদের জন্যে আমি তাদের অমঙ্গলসমূহ আবৃত করবো এবং নিশ্চয়ই আমি তাদেরকে জান্নাতে প্রবেশ করাবো- যার নিম্নে

স্রোতস্বিনীসমূহ প্রবাহিত; এটা আল্লাহর নিকট হতে প্রতিদান এবং আল্লাহর নিকটই উত্তম প্রতিদান রয়েছে।

৬) যারা তাদের প্রভুকে ভয় করবে , তাদের জন্যে থাকবে জান্নাত সমূহ।

সুরা ৩ আল ইমরান, আয়াতঃ ১৯৮

لَٰكِنِ الَّذِينَ اتَّقَوْا رَبَّهُمْ لَهُمْ جَنَّٰتٌ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَٰرُ

خَٰلِدِينَ فِيهَا نُزُلًا مِّنْ عِندِ اللَّهِ ۗ وَمَا عِندَ اللَّهِ خَيْرٌ لِّلْأَبْرَارِ ﴿١٩٨﴾

কিন্তু যারা স্বীয় প্রতিপালককে ভয় করে, তাদের জন্যে জান্নাত- যার নিম্নে স্রোতস্বিনীসমূহ প্রবাহিত, তন্মধ্যে তারা সদা অবস্থান করবে, এটা আল্লাহর সন্নিধান হতে আতিথ্য; এবং যে সব বস্তু আল্লাহর নিকট রয়েছে তা পুণ্যবানদের জন্যে বহুগুণে উত্তম।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আন নিসা

৭) যে কেউ আল্লাহ ও তাঁর রাসুলের আনুগত্য করবে, তিনি তাকে দাখিল করবেন জান্নাতসমূহে।

সুরা ৪ আন নিসা, আয়াতঃ ১৩

تِلْكَ حُدُودُ اللَّهِ ۚ وَمَن يُطِعِ اللَّهَ وَرَسُولَهُ يُدْخِلْهُ جَنَّٰتٍ تَجْرِي

مِن تَحْتِهَا الْأَنْهَٰرُ خَٰلِدِينَ فِيهَا ۚ وَذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿١٣﴾

এগুলো আল্লাহর নির্দিষ্ট সীমাসমূহ এবং যে কেউ আল্লাহ ও তদীয় রাসুলের আনুগত্য করবে তিনি তাকে এরূপ জান্নাতে প্রবিষ্ট করাবেন , যার নিম্নে স্রোতস্বিনীসমূহ প্রবাহিত , তন্মধ্যে তারা সদা অবস্থান করবে এবং এটাই মহা সাফল্য।

৮) যারা ঈমান আনে এবং আ'মলে সালেহ করে, অচিরেই আমি তাদের দাখিল করবো জান্নাতে।

সুরা ৪ আন নিসা, আয়াতঃ ৫৭

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ سَنُدْخِلُهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ
تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ لَهُمْ فِيْهَآ اَزْوَاجٌ مُّطَهَّرَةٌ ؗ وَّ
نُدْخِلُهُمْ ظِلًّا ظَلِيْلًا ﴿۵۷﴾

যারা বিশ্বাস স্থাপন করেছে ও সৎ কার্যাবলী সম্পাদন করেছে , নিশ্চয়ই আমি তাদেরকে জান্নাতসমূহে দাখিল করবো- যার নিম্নে স্রোতস্বিনীসমূহ প্রবাহিত, তন্মধ্যে তারা চিরকাল অবস্থান করবে; সেখানে তাদের জন্যে পূতপবিত্র সহধর্মিনীগণ রয়েছেন এবং আমি তাদেরকে ছায়াশীতল স্থানে দাখিল করবো।

৯)পক্ষান্তরে যারা ঈমান আনে এবং আ'মলে সালেহ করে আমি অবশ্যই তাদের দাখিল করবো জান্নাতে।

সুরা ৪ আন নিসা, আয়াতঃ ১২২

وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ سَنُدْخِلُهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ
تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ۭ وَعْدَ اللّٰهِ حَقًّا ۭ وَمَنْ اَصْدَقُ
مِنَ اللّٰهِ قِيْلًا ﴿١٢٢﴾

এবং যারা বিশ্বাস স্থাপন করেছে ও সৎকর্ম করেছে, আমি তাদেরকে জান্নাতে দাখিল করবো, যার নিম্নে স্রোতস্বিনীসমূহ প্রবাহিত, তন্মধ্যে তারা চিরকাল অবস্থান করবে, আল্লাহর প্রতিশ্রুতি সত্য; এবং কে আল্লাহ অপেক্ষা বাক্যে অধিকতর সত্যপরায়ণ?

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আল মায়েদা

১০) এবং অবশ্যই অবশ্যই তোমাদের দাখিল করবো জান্নাতে।

সুরা ৫ আল মায়েদা, আয়াতঃ ১২

وَلَقَدْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ۚ وَبَعَثْنَا مِنْهُمُ اثْنَيْ عَشَرَ
نَقِيْبًا ؕ وَقَالَ اللّٰهُ اِنِّيْ مَعَكُمْ ؕ لَئِنْ اَقَمْتُمُ الصَّلٰوةَ وَاٰتَيْتُمُ الزَّكٰوةَ وَ
اٰمَنْتُمْ بِرُسُلِيْ وَعَزَّرْتُمُوْهُمْ وَاَقْرَضْتُمُ اللّٰهَ قَرْضًا حَسَنًا لَّاُكَفِّرَنَّ
عَنْكُمْ سَيِّاٰتِكُمْ وَلَاُدْخِلَنَّكُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۚ
فَمَنْ كَفَرَ بَعْدَ ذٰلِكَ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَآءَ السَّبِيْلِ ﴿١٢﴾

আর আল্লাহ বানী ইসরাঈলদের নিকট থেকে অঙ্গীকার নিয়েছিলেন এবং আমি তাদের মধ্য হতে বারোজন দলপতি নিযুক্ত করেছিলাম; এবং আল্লাহ বলেছিলেনঃ আমি তোমাদের সাথে রয়েছি; যদি তোমরা নামাজ প্রতিষ্ঠা কর ও যাকাত দিতে থাক এবং আমার রাসূলদের প্রতি ঈমান আনতে থাক  ও তাদেরকে সাহায্য করতে থাক এবং আল্লাহকে উত্তমরূপে কর্জ দিতে থাক । তবে আমি অবশ্যই তোমাদের গুনাহ্গুলো  তোমাদের থেকে মাফ করে দেবো এবং অবশ্যই তোমাদেরকে এমন জান্নাতে প্রবেশ করাবো যার তলদেশে নহরসমূহ বইতে থাকবে , অনন্তর তোমাদের মধ্যে যে ব্যক্তি এরপরও কুফরী করবে , নিশ্চয়ই সে সোজা পথ থেকে দূরে সরে পড়লো ।

১১) এবং তাদের দাখিল করতাম জান্নাতুন নায়ীমে (সুখের জান্নাত)।

সুরা ৫ আল মায়েদা, আয়াতঃ ৬৫

وَلَوْ اَنَّ اَهْلَ الْكِتٰبِ اٰمَنُوْا وَاتَّقَوْا لَكَفَّرْنَا عَنْهُمْ سَيِّاٰتِهِمْ

وَلَاَدْخَلْنٰهُمْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿٦٥﴾

আর এ আহলে কিতাবগণ(ইয়াহুদী ও নাসারা) যদি ঈমান আনতো এবং তাকওয়া অবলম্বন করতো , তবে আমি অবশ্যই তাদের সমস্ত অন্যায় ক্ষমা করে দিতাম এবং অবশ্যই তাদেরকে আরাম ও শান্তিময় জান্নাতে প্রবেশ করাতাম

১২)তাদের একথার জন্যে আল্লাহ তাদের পুরস্কার দিয়েছেন জান্নাত সমূহ।

সুরা ৫ আল মায়েদা, আয়াতঃ ৮৪, ৮৫

وَ مَا لَنَا لَا نُؤْمِنُ بِاللّٰهِ وَ مَا جَآءَنَا مِنَ الْحَقِّ ۙ وَ نَطْمَعُ اَنْ

يُّدْخِلَنَا رَبُّنَا مَعَ الْقَوْمِ الصّٰلِحِيْنَ ﴿٨٤﴾

আর আমাদের কি এমন ওযর আছে যে, আমরা ঈমান আনবো না আল্লাহর প্রতি এবং সেই সত্যের প্রতি যা আমাদের কাছে পৌছেছে? অথচ এ আশা রাখবো যে , আমাদের প্রতিপালক নেককারদের সাথে আমাদেরকে শামিল করবেন।

فَاَثَابَهُمُ اللّٰهُ بِمَا قَالُوْا جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ

فِيْهَا ؕ وَذٰلِكَ جَزَآءُ الْمُحْسِنِيْنَ ﴿٨٥﴾

ফলতঃ তাদের এ উক্তির বিনিময়ে আল্লাহ তাদেরকে এমন জান্নাত সমূহ প্রদান করবেন , যার তলদেশে নহর বইতে থাকবে , তারা তাতে অনন্তকাল অবস্থান করবে । এটা সৎকর্মশীলদের প্রতিদান।

১৩) তাদের (সত্যপন্থীদের) জন্যে রয়েছে জান্নাত সমূহ ।

সুরা ৫ আল মায়েদা, আয়াতঃ ১১৯

قَالَ اللّٰهُ هٰذَا يَوْمُ يَنْفَعُ الصّٰدِقِيْنَ صِدْقُهُمْ ؕ لَهُمْ جَنّٰتٌ تَجْرِيْ

مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ رَضِيَ اللّٰهُ عَنْهُمْ وَ

رَضُوْا عَنْهُ ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿١١٩﴾

আল্লাহ বলবেনঃ এটা সেদিন, যেদিন সত্যবাদীদের সত্যবাদিতা কাজে আসবে , তারা জান্নাতপ্রাপ্ত হবে , যার তলদেশে নহরসমূহ বইতে থাকবে, সেখানে তারা চিরস্থায়ী থাকবে । আল্লাহ তাদের প্রতি সন্তষ্ট হয়েছে; এটাই হচ্ছে মহা সফলতা ।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আত্ তাওবা

১৪)তাদের প্রভু তাদের সুসংবাদ দিচ্ছেন  তার রহমতের, তার রেজামন্দির, আর সেই জান্নাতের , যেখানে আছে তাদের জন্যে স্থায়ী নিয়ামত।

সুরা ৯ আত্ তাওবা, আয়াতঃ ২১

يُبَشِّرُهُمْ رَبُّهُمْ بِرَحْمَةٍ مِّنْهُ وَ رِضْوَانٍ وَّ جَنّٰتٍ لَّهُمْ فِيْهَا نَعِيْمٌ

مُّقِيْمٌ ﴿٢١﴾

তাদের প্রতিপালক তাদেরকে নিজের পক্ষ থেকে সুসংবাদ দিচ্ছেন বড় রহমতের ও অতি সন্তুষ্টির, আর এমন জান্নাতের, যার মধ্যে তাদের জন্যে চিরস্থায়ী নিয়ামত থাকবে।

১৫)আল্লাহ মুমিন পুরুষ এবং মুমিন নারীদের ওয়াদা দিয়েছেন সেই জান্নাতের, যার নীচ দিয়ে বহমান থাকবে নদ-নদী-নহর।

সুরা ৯আত্ তাওবা, আয়াতঃ ৭২

وَعَدَ اللّٰهُ الْمُؤْمِنِيْنَ وَ الْمُؤْمِنٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا

الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا وَ مَسٰكِنَ طَيِّبَةً فِيْ جَنّٰتِ عَدْنٍ ؕ وَ

رِضْوَانٌ مِّنَ اللّٰهِ اَكْبَرُ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٧٢﴾

আল্লাহ মু'মিন পুরুষ ও মু'মিনা নারীদেরকে এমন জান্নাতসমূহের ওয়াদা দিয়ে রেখেছেন যেগুলোর নিম্নদেশে বইতে থাকবে

নহরসমূহ , সেখানে তারা অনন্তকাল থাকবে ,আরও (ওয়াদা দিয়েছেন) ঐ উত্তম বাসস্থানসমূহের  যা আদ্ন নামক জান্নাতের মাঝে অবস্থিত। আর আল্লাহর সন্তুষ্টি হচ্ছে সর্বাপেক্ষা বড় (নিয়ামত) , এটা হচ্ছে অতি বড় সফলতা।

১৬) আল্লাহ তাদের জন্যে প্রস্তুত রেখেছেন জান্নাত।

সুরা ৯ আত্ তাওবা,আয়াতঃ ৮৯

أَعَدَّ اللَّهُ لَهُمْ جَنَّٰتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَٰرُ خَٰلِدِينَ فِيهَا ۚ

ذَٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿٨٩﴾

আল্লাহ তাদের জন্যে এমন জান্নাত প্রস্তুত করে রেখেছেন যেগুলোর নিম্নদেশ দিয়ে নহরসমূহ বয়ে চলবে , আর তারা ওর মধ্যে অনন্তকাল অবস্থান করবে ; এটা হচ্ছে তাদের বিরাট সফলতা।

১৭) তিনি তাদের(ঈমানে অগ্রগামী মুহাজির ও আনসার) জন্যে প্রস্তুত রেখেছেন জান্নাত।

সুরা ৯ আত্ তাওবা, আয়াতঃ ১০০

وَ السّٰبِقُوْنَ الْاَوَّلُوْنَ مِنَ الْمُهٰجِرِيْنَ وَ الْاَنْصَارِ وَ الَّذِيْنَ اتَّبَعُوْهُمْ بِاِحْسَانٍ ۙ رَّضِيَ اللّٰهُ عَنْهُمْ وَ رَضُوْا عَنْهُ وَ اَعَدَّ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ تَحْتَهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَاۤ اَبَدًا ؕ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿۱۰۰﴾

আর যে সব মুহাজির ও আনসার (ঈমান আনয়নে) অগ্রবর্তী এবং প্রথম , আর যেসব লোক একান্ত নিষ্ঠার সাথে তাদের অনুগামী , আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন, আর আল্লাহ তাদের জন্যে এমন উদ্যান সমূহ প্রস্তুত করে রেখেছেন যার তলদেশে নহরসমূহ বইতে থাকবে, যার মধ্যে তারা চিরস্থায়ীভাবে অবস্থান করবে, তা হচ্ছে বিরাট কৃতকার্যতা।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা ইউনুস

১৮) যারা ঈমান আনে এবং আ'মলে সালেহ করে , তাদের প্রভু তাদের ঈমানের ভিত্তিতে তাদের পরিচালিত করেন সেই নিয়ামতে ভরা জান্নাতের দিকে।

সুরা ১০ ইউনুস, আয়াতঃ ৯

اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَ عَمِلُوا الصّٰلِحٰتِ يَهْدِيْهِمْ رَبُّهُمْ بِاِيْمَانِهِمْ ۚ

تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿٩﴾

নিশ্চয়ই যারা ঈমান এনেছে এবং ভালকাজ করেছে তাদের প্রতিপালক তাদেরকে লক্ষ্যস্থলে (জান্নাতে) পৌঁছিয়ে দিবেন, তাদের ঈমানের কারণে,শান্তির উদ্যানসমূহে তাদের(বাসস্থানের) তলদেশ সমূহে নহরসমূহ বইতে থাকবে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা আর রা'দ

১৯) তা হলো চিরস্থায়ী জান্নাত, তাতেই তারা দাখিল হবে।

সুরা ১৩ আর রা'দ, আয়াতঃ ২২, ২৩

وَالَّذِيْنَ صَبَرُوا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِمْ وَاَقَامُوا الصَّلٰوةَ وَ اَنْفَقُوْا

مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّ عَلَانِيَةً وَّ يَدْرَءُوْنَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ

اُولٰٓئِكَ لَهُمْ عُقْبَى الدَّارِ ۙ ﴿٢٢﴾

আর যারা তাদের প্রতিপালকের সন্তুষ্টি লাভের জন্যে ধৈর্যধারণ করে , নামায সুপ্রতিষ্ঠিত করে এবং আমি তাদেরকে যে রুযী দিয়েছি তা হতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে আর যারা ভাল দ্বারা মন্দ দূরীভূত করে, তাদের জন্যে শুভ পরিণাম।

جَنّٰتُ عَدْنٍ يَّدْخُلُوْنَهَا وَمَنْ صَلَحَ مِنْ اٰبَآئِهِمْ وَاَزْوَاجِهِمْ وَ
ذُرِّيّٰتِهِمْ وَالْمَلٰٓئِكَةُ يَدْخُلُوْنَ عَلَيْهِمْ مِّنْ كُلِّ بَابٍ ﴿٢٣﴾

স্থায়ী জান্নাত, তাতে তারা প্রবেশ করবে এবং তাদের পিতা-মাতা , পতি-পত্নি, ও সন্তান-সন্ততিদের মধ্যে যারা সৎকর্ম করেছে তারাও এবং ফেরেশতাগণ তাদের কাছে হাজির হবে প্রত্যেক দরজা দিয়ে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ সুরা ইবরাহীম

২০) যারা ঈমান এনেছে এবং আ'মলে সালেহ্ করেছে তাদের দাখিল করা হবে জান্নাতে।

সুরা ১৪ ইবরাহীম, আয়াতঃ ২৩

وَاُدْخِلَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا
الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ؕ تَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ﴿٢٣﴾

যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদেরকে প্রবেশ করানো হবে জান্নাতে যার পাদদেশে নদী প্রবাহিত ; সেখানে তারা চিরস্থায়ীভাবে অবস্থানকারী হবে তাদের প্রতিপালকের অনুমতিক্রমে ; সেখানে তাদের অভিবাদন হবে 'সালাম'।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, দুনিয়ায় আমাদের প্রচেষ্টা এমন হওয়া উচিত যাতে আল্লাহ তা'য়ালা আমাদের উপর সন্তষ্ট হন এবং আমাদেরকে দাখিল করেন জান্নাতে এবং আমাদেরকে রক্ষা করেন জাহান্নামের আগুন থেকে।

আমীন।

আসসালামুয়ালাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু।

.............................................................................................||